

## 🗏 আল-আদিয়াত | Al-Adiyat | ٱلْعَادِيَات

আয়াতঃ ১০০ : ১০

💵 আরবি মূল আয়াত:

# وَ حُصِلً مَا فِي الصُّدُورِ ﴿١٠﴾

#### 🗚 অনুবাদসমূহ:

আর অন্তরে যা আছে তা প্রকাশিত হবে। — আল-বায়ান
আর অন্তরে যা (কিছু লুকানো) আছে তা প্রকাশ করা হবে, — তাইসিরুল
এবং অন্তরে যা আছে তা প্রকাশ করা হবে? — মুজিবুর রহমান

And that within the breasts is obtained, — Sahih International

#### ১০. আর অন্তরে যা আছে তা প্রকাশ করা হবে?(১)

(১) অর্থাৎ অন্তরের ভালো-মন্দ পৃথক করে প্রকাশ করে দেওয়া হবে। ফলে গোপনগুলো প্রকাশ হয়ে পড়বে; মানুষের কর্মফল তাদের চেহারায় ফুটে উঠবে। [সা'দী] এ-বক্তব্যটিই অন্যত্র আল্লাহ বলেছেন, "যেদিন গোপন রহস্য যাচাই বাছাই করা হবে।" [সূরা আত-তারিক: ৯] এ দু আয়াতে বলা হয়েছে আল্লাহ্ তা'আলা কবর থেকে উখিত করে, গোপন বিষয় প্রকাশ করার পর যে বিচার ও প্রতিদান প্রদান করা হবে, মানুষ কি তা জানে না? [মুয়াসসার]

তাফসীরে জাকারিয়া

### ১০। এবং অন্তরে যা আছে, তা প্রকাশ করা হবে। [1]

[1] عُصِّل এর মানে হল, অন্তরে যা কিছু গোপন আছে তা প্রকাশ করে দেওয়া হবে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=6156

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন